# ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড
## বাংলাদেশ নৌবাহিনী
## সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

কেবলঃ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ দরপত্র (স্থানীয়)
ফোন নং-০২-৭৬৬১০৩৩, ৭৬৬১৪৮০

দরপত্র নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৪.১০৮৫ তারিখঃ ০৪ জানুয়ারী ২০২৪ইং
ডকুমেন্ট মূল্যঃ ফ্রি

মেসার্স ... ... ... ... ... ... ... ... ... ...

... ... ... ... ... ... ... ... ... ... .... ...

... ... ... ... ... ... ... ... ... ... .... ...

অত্র প্রতিষ্ঠানে বিআইডব্লিউটিএ এর জন্য নির্মিতব্য ০১টি রো রো ফেরী পন্টুন **সুবিধাজনক জলযানের** মাধ্যমে নিরাপত্তা সহকারে টোয়িং পূর্বক মুরিং করার কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে সীল মোহরকৃত খামে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীমিত দরপত্র আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | কাজের বিবরণ | | পরিমাণ | মোট মূল্য |
|---|---|---|---|---|
| | বিআইডব্লিউটিএ এর জন্য নির্মিতব্য (এনবি-২৪০) ০১টি রো রো ফেরী পন্টুন **সুবিধাজনক জলযানের** মাধ্যমে নিরাপত্তা সহকারে টোয়িং পূর্বক নির্ধারিত স্থানে পৌছানো এবং পন্টুনটি ও RAMP স্থাপন ও মুরিং করার কাজ। | | | |
| | **বোটের নাম** | **গন্তব্যের স্থানের নাম** | | |
| ০১ | রো রো ফেরি পন্টুন এনবি-২৪০ | দৌলতদিয়া/ পাটুরিয়া ফেরী ঘাট | ০১টি | |
| | | **ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট টাকা** | | |

কথায়=

**শর্তাবলীঃ**

১। DEW কর্তৃপক্ষের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নির্দেশ মোতাবেক কার্যাদেশ প্রাপ্তির পর নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে নিজস্ব জনবলের দ্বারা বিআইডব্লিউটিএ এর নির্মিতব্য ০১টি রো রো ফেরী পন্টুন **সুবিধাজনক জলযানের** মাধ্যমে নিরাপত্তা সহকারে টোয়িং পূর্বক মুরিং ও RAMP স্থাপন করে কাজ সম্পন্ন করতে হবে।

২। বর্ণিত বিআইডব্লিউটিএ এর নির্মিতব্য ০১টি রো রো ফেরী পন্টুন **সুবিধাজনক জলযানের** মাধ্যমে নিরাপত্তা সহকারে টোয়িং পূর্বক মুরিং করার কাজের জন্য কোন সংস্থার চাঁদা/টোল বা কোন খরচ ডিইডব্লিউ লিঃ বহন করবে না। টোয়িং পূর্বক নির্ধারিত স্থানে মুরিং করার কাজে যাবতীয় খরচ ঠিকাদার/ পরিবহনকারী সংস্থাকে বহন করতে হবে।

৩। বিআইডব্লিউটিএ এর নির্মিতব্য ০১টি রো রো ফেরী পন্টুন **সুবিধাজনক জলযানের** মাধ্যমে নিরাপত্তা সহকারে টোয়িং পূর্বক মুরিং করার কাজে কোন ক্ষয়ক্ষতি হলে তার সম্পূর্ণ দায়দায়িত্ব ঠিকাদারকেই বহন করতে হবে এবং ক্ষতিপূরণ পরিশোধ করতে ঠিকাদার বাধ্য

মোঃ নাসিম হায়দার
সিনিয়র নিয়ন্ত্রণ অফিসার (বাণিজ্যিক)
ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

থাকবে। টোয়িং পূর্বক মুরিং কাজে নিয়োজিত জলযানের অবশ্যই নৌ-বীমা কভারেজ থাকতে হবে।

৪। দরদাতাগণের অবশ্যই অফিস এবং টেলিফোন থাকতে হবে। কৃতকার্য দরদাতাকে টোয়িং পূর্বক মুরিং কার্য ত্বরান্বিত করার জন্য ডিইডব্লিউ লিঃ এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নির্দেশ মোতাবেক অবিলম্বে কার্য আরম্ভ করতে হবে।

৫। দরপত্র আগামী ১৪ জানুয়ারী ২০২৪ তারিখে বেলা ১২১৫ ঘটিকা জমা দিতে হবে এবং একই দিন বেলা ১২৩০ ঘটিকায় দরদাতা/ প্রতিনিধির (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে খোলা হবে।

৬। দরপত্র সীল মোহরকৃত খামে ডাকে পাঠানো যেতে পারে অথবা ডিইডব্লিউ লিঃ এর মেইন গেটে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রগুলি অবশ্যই পরিষ্কারভাবে কালি দ্বারা অথবা মুদ্রাক্ষরে লিখিত হতে হবে। পেন্সিল দ্বারা লিখিত অথবা পুনঃ লিখন বাতিল বলে গণ্য হবে।

৭। সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

৮। জামানতঃ মোট মূল্যের উপর ০৩% আর্নেষ্টমানি, পে-অর্ডার, ব্যাংক ড্রাফট, ব্যাংক গ্যারান্টি ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর অনুকুলে জমা দিতে হবে (তালিকাভুক্ত ঠিকাদারদের ক্ষেত্রে প্রযোজ্য নহে)। সফলভাবে কাজ শেষ করার পর জামানতের টাকা ফেরত দেয়া হবে।

৯। **<u>পারফরমেন্স গ্যারান্টি (পিজি)ঃ</u>** কার্যাদেশ সন্তোষজনক ভাবে কার্যকরী করার স্বার্থে কৃতকার্য দরদাতাকে মোট অর্থের উপর ১০% হারে পিজি প্রদান করতে হবে। সফলভাবে কাজ শেষ করার পর কার্য সমাপ্তি সনদ প্রাপ্তি সাপেক্ষে জমাকৃত পিজি ফেরত প্রদান করা হবে। যার উপর কোন সুদ প্রদান করা হবে না। সফলভাবে কাজ শেষ করতে না পারলে জমাকৃত পিজি বিধি মোতাবেক বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

১০। কার্যাদেশ প্রাপ্তি স্বাপেক্ষে নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই কাজ শুরু ও শেষ করতে হবে। যদি ঠিকাদার নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করতে ব্যার্থ হয়। সে ক্ষেত্রে বিলম্বের জন্য কার্যাদেশের সর্বমোট মূল্যের ০.৫০% হিসাবে প্রতিদিন দেরির জন্য অর্থ কর্তন করা হবে। ঠিকাদার যদি কাজের শুরু থেকে সন্তোষজনক অগ্রগতি না দেখাতে পারেন তা হলে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ আংশিক বা সম্পুর্ণ কার্যাদেশ বাতিল করতে এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করতে পারবেন। এ ক্ষেত্রে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ কর্তৃক ঠিকাদারের ক্ষতির কোন রকম দাবি গ্রাহ্য করবে না।

১১। ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ ঠিকাদারের নিকট থেকে কাজের সময় বাড়ানোর জন্য সংগত কারণসহ লিখিত আবেদন প্রাপ্তিতে অথবা কোন অনিবার্য্য কারণ বসতঃ যেমন (কাজের পরিমান বাড়ানো হলে বা কাজের মধ্যে কোন পরিবর্তন হলে অথবা কোন প্রাকৃতিক বা রাজনৈতিক কারণে) নিজেদের বিবেচনা অনুসারে কাজ শেষ করার সময়সীমা বর্ধিত করতে পারবেন।

১২। সম্পূর্ণ কাজ সন্তোষজনক ভাবে সম্পন্ন হলে ঠিকাদার অবশ্যই ব্যাংক একাউন্ট বিবরণসহ ৩ (তিন) কপি বিলের সাথে কার্য সমাপ্তি ও বোট হস্তান্তর/ গ্রহণ সনদপত্র দাখিল স্বাপেক্ষে উক্ত বিল পরিশোধ করা হবে। উল্লেখ্য যে আংশিক সরবরাহ ও আংশিক বিল পরিশোধযোগ্য।

১৩। কাজ শেষ করার পর ভারপ্রাপ্ত প্রকৌশলী/ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ঠিকাদারকে এই মর্মে সাটিফিকেট দিবেন যে, ঠিকাদার সন্তোষজনকভাবে সঠিক সময়ে কাজ শেষ করেছেন।

মোঃ মাসিম হায়দার
সিনিয়র নির্বাহী অফিসার (বাণিজ্যিক)
ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ।

১৪। দরপত্র দাতাদের নিম্ন লিখিত ডকুমেন্টস দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে। (তালিকাভুক্ত ঠিকাদারদের ক্ষেত্রে প্রযোজ্য নহে)

ক। ব্যাংকের স্বচ্ছলতা সার্টিফিকেট।
খ। আয়কর পরিশোধ সার্টিফিকেট।
গ। ভ্যাট নিবন্ধন সাটিফিকেট।
ঘ। পূর্ব অভিজ্ঞতার সনদপত্র।

১৫। দরপত্র আবদ্ধ সীলমোহরকৃত খামের উপর নিম্নলিখিত ঠিকানা লিপিবদ্ধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর মেইন গেট এর পার্শ্বে রক্ষিত টেন্ডার বাক্সের ভিতর ফেলতে হবে।

ম্যানেজিং ডাইরেক্টর
ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী, সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

টেন্ডার নং- ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৪.১০৮৫ তারিখ ০৪ জানুয়ারী ২০২৪।
টেন্ডার জমা দেওয়ার শেষ তারিখ ১৪ জানুয়ারী ২০২৪ বেলা ১২১৫ ঘটিকা।

১৬। উপরোক্ত শর্তাবলীর উপর কোন মত বিরোধ দেখা দিলে বিষয়টির নিষ্পত্তির জন্য উভয়পক্ষের মতানুসারে একটি সালিশী পক্ষ ডাকা হবে এবং তাতে বিফল হলে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ বাংলাদেশ নৌ বাহিনী, নারায়নগঞ্জ কর্তৃক মনোনীত শালিসী পক্ষের মধ্যস্থতায় নিষ্পত্তির চেষ্টা করা হবে। তাতেও বিফল হলে উভয় শালিসী পক্ষের লিখিত মনোনয়নের মাধ্যমে একজন বিচারক (আম্পায়ার) নিযুক্ত করা হবে এবং তার গৃহীত সিদ্ধান্ত উভয় পক্ষকে মেনে নিতে হবে এবং সেই সিদ্ধান্তের উপর বর্ণিত শর্তাবলী আইনানুগভাবে সংযোজিত হবে এবং তাহা উভয় পক্ষকে মেনে নিতে হবে।

১৭। উল্লেখিত টোয়িং পূর্বক মুরিং করার কাজের জন্য এক বা একাধিক ঠিকাদার নিয়োগ শর্তাবলী সংশোধন, সংযোজন এবং কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই সংশ্লিষ্ট টেন্ডার বাতিল অথবা পুনঃ টেন্ডার করার ক্ষমতা ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ সংরক্ষন করে।

আপনার বিশ্বস্ত

মোঃ নাসিম হায়দার
সিনিয়র লিয়াঁজো অফিসার
বাণিজ্যিক শাখা

------------------------------------
দরদাতার স্বাক্ষর ও সীল

পূর্ণ ঠিকানা

ফোন নং---------------------------------
তারিখ-----------------------------------

E:\CIVIL WORK\SCHEDUL\Poribohon Schodule.doc